অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/17/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নরের গরিষ্ঠ উপদেষ্টা রিচ অ্যাজোপার্ডির বিবৃতি

"মিঃ কিম বৃহস্পতিবার রাতে গভর্নর কুওমোর সাথে তার কথোপকথন নিয়ে মিথ্যা বলছেন। আমি জানি কারণ যখন ফোন কল হয়েছিল তখন আমি রুমের ভেতরে থাকা আরও তিনজনের একজন ছিলাম। কোন সময়েই কেউ কাউকে 'ক্রোধ' দিয়ে 'ধ্বংস' করার হুমকি দেয়নি বা কোন কিছু 'আড়াল' করার চেষ্টা করে নি। এটা অগ্রহণযোগ্য এবং দুর্ভাগ্যবশত এই প্রশাসনের বিরুদ্ধে জনাব কিমের বছরের পর বছর ব্যাপী বলা মিথ্যার অংশ। আমরা জনাব কিমকে সম্মানজনক কাজটি করতে বলেছি এবং একটি সত্য বিবৃতি প্রদান করতে বলেছি যখন তিনি গভর্নরকে বলেন যে একটি সংবাদ প্রবন্ধে তাকে ভুল ভাবে উদ্ধৃত করা হয়েছে, যা তিনি বলেছেন যে তিনি সংশোধন করার চেষ্টা করেছেন কিন্তু সাংবাদিক তা প্রত্যাখ্যান করেছেন। কিম বলেছেন যে তিনি প্রতিবেদনটি সংশোধন করবেন এবং তারপর তার কথা রাখেননি। অবাক করার কিছু নেই। এর পরিবর্তে গত ছয় দিন ধরে তিনি এই প্রশাসনের বিরুদ্ধে ঘুষ দেওয়ার এবং ন্যায়বিচার ঠেকানোর ভিত্তিহীন অভিযোগ এনেছেন। এই ক্রমাগত মিথ্যার জন্যই গভর্নর আজ কথা বলার সিদ্ধান্ত নিয়েছেন। আমরা একজন অসাধু রাজনীতিবিদকে নিউ ইয়র্কবাসীদের ধোঁকা দিতে বা সত্যকে বিকৃত করতে দেব না। জনাব কিমের বর্তমান বিবৃতি এমনকি সভায় তিনি যে মন্তব্য করেছেন তার সাথে সামঞ্জস্যপূর্ণ নয় (নিচে দেখুন)। তার বিশ্বাসযোগ্যতা নেই যেমনটি তার নিজের কথায় প্রমাণিত হয়। তার মিথ্যা COVID থেকে ভোগা পরিবারগুলোকে যথেষ্ট কষ্ট দিয়েছে। আমরা বুঝতে পেরেছি যে ভুল বিবৃতি সংশোধন করা আমাদের কর্তব্য যাতে পরিবারগুলো COVID এর সময় প্রকৃত ঘটনা বুঝতে পারে।

মিঃ কিম এবং গভর্নরের অফিসের একটি দীর্ঘ, প্রতিকূল সম্পর্ক আছে। এই শত্রুতার সূত্রপাত ঘটে যখন জনাব কিম নেইল সেলুনকর্মীদের রক্ষা করার জন্য একটি বিলকে সমর্থন করেন, এবং এরপর তিনি নেইল সেলুনের মালিকদের কাছ থেকে উল্লেখযোগ্য তহবিল পাওয়ার পর বিলের বিরোধিতা করেন। সে সময় ভাল সরকারি দলগুলো তার সমালোচনা করে এবং গভর্নরের কার্যালয় তার কর্মকাণ্ডকে প্রশ্নবিদ্ধ বলে অভিহিত করে। জনাব কিম নেইল এখনো সেলুন মালিকদের কাছ থেকে তহবিল পাচ্ছেন এবং নেইল সেলুন কর্মীদের জন্য সুরক্ষা অপসারণের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। এটি একটি চলমান অনৈতিক পরিস্থিতি যেখানে কিম মালিকদের কাছ থেকে তহবিল পাচ্ছেন যারা নির্যাতিত নেইল সেলুনকর্মীদের রক্ষা করার জন্য আমাদের প্রচেষ্টা বন্ধ করার চেষ্টা করছে। আমরা বিশ্বাস করি কিমের ক্রমাগত ঘুষ গ্রহণ করা ন্যূনতম পক্ষে

অনৈতিক এবং যখন এবং যদি তদন্ত করা হয় তা অবৈধ বলে প্রমাণিত হবে। পরিষ্কারভাবে বলতে গেলে, গভর্নর বা তার সহযোগীরা কোন আইন প্রণেতাকে হুমকি দেয়নি এবং প্রকৃতপক্ষে, যারা উপস্থিত ছিল তারা এই বৈঠককে ইতিবাচক বলে বিবেচনা করেছে। যাদের বিভিন্ন এজেন্ডা আছে তাদের কর্তৃক এই সাক্ষাতের বিকৃতি নিয়ে আমরা আপত্তি করি।

জনাব কিম এবং নিউ ইয়র্ক পোস্ট এবং রিপাবলিকানরা যুক্তি দেখাচ্ছেন যে নার্সিং হোম সম্পর্কে রাষ্ট্রের 25শে মার্চের আদেশ ছিল খারাপ নীতি। তারা উল্লেখ করতে ব্যর্থ হয়েছে যে রাষ্ট্র ফেডারেল নীতি অনুসরণ করছে এবং যদি পোস্ট এবং রিপাবলিকানরা একটি রাজনৈতিক দোষারোপের খেলা খেলতে চায়, তাহলে তাদের উচিত ডোনাল্ড ট্রাম্পকে দোষারোপ করা এবং গত 25শে মার্চ থেকে তাদের ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে অভিযোগ আনা উচিত যখন তারা এই নির্দেশিকা জারি করে। আমরা সত্যের সাথে থাকবো।

ডঃ জুকার বিশ্বাস করেন না যে 25শে মার্চের আদেশ ভুল ছিল। এমনকি অতীত পর্যালোচনার সুবিধা থাকা সত্ত্বেও, স্বাস্থ্য বিশেষজ্ঞরা বিশ্বাস করেন না যে এটা ভুল ছিল। আমরা বিশ্বাস করি এটা জীবন বাঁচিয়েছে এবং বাস্তবতা এর ইঙ্গিত দেয়। যদি অতীত পর্যালোচনার সুবিধা নিয়ে আমরা 25শে মার্চের আদেশ ভুল হিসাবে ধরতাম, তাহলে কমিশনার হাওয়ার্ড জুকার তা স্বীকার করতেন এবং ত্রুটিপূর্ণ নির্দেশিকা জারি করার জন্য আমরা ফেডারেল সরকারের বিরুদ্ধে ব্যবস্থা নিতাম। 25শে মার্চ আসার আগেই COVID নার্সিং হোমে ছিল। এটি প্রমাণিত সত্য। হাসপাতালের শয্যা সঙ্কটজনক ছিল। আর এটা একটা প্রমাণিত সত্য। মানুষের জীবন বাঁচাতে ভেন্টিলেটর এবং ক্রিটিক্যাল কেয়ার নার্সিং স্টাফ সহ হাসপাতালের শয্যা প্রয়োজন ছিল। আমরা এটা দিয়েছি। অন্যান্য রাজ্য এবং দেশের মত আমাদের হাসপাতাল ব্যবস্থা অভিভূত হয়নি এবং আমরা সর্বোচ্চ সংক্রমণের হার থেকে সর্বনিম্ন হারে নেমে আসি এবং জীবন বাঁচিয়েছে। এটাই অকাট্য সত্য।

আমরা একমত যে আমরা যথেষ্ট দ্রুত জনগণের তথ্য প্রদান করিনি যা ষড়যন্ত্র তত্ত্বের বিকাশের জন্য একটি শূন্যতা সৃষ্টি করেছে। আমরা শূন্যস্থান সৃষ্টির দায়িত্ব গ্রহণ করি এবং একটি নিখুঁত বিশ্বে, ষড়যন্ত্র তত্ত্ববিদরাও দায়িত্ব গ্রহণ করবে। আরো নিখুঁত বিশ্বে ষড়যন্ত্র তত্ত্ববিদরা রাজনীতি করা বন্ধ করে দেবে এবং শোকার্ত পরিবারগুলোকে নেতিবাচকভাবে প্রভাবিত করবে না যারা নার্সিং হোমে প্রিয়জনকে হারিয়েছে। অবশ্যই এই বিষাক্ত রাজনৈতিক পরিবেশে, এটা কোন নিখুঁত বিশ্ব নয়।"

রাষ্ট্রীয় আইন প্রণেতাদের সাথে জুম কনফারেন্স কলের সময় অ্যাসেম্বলিম্যান কিমের মন্তব্যের একটি অংশের দ্রুত প্রতিলিপি নিচে দেওয়া হল:

অ্যাসেম্বলিম্যান কিম: আপনাদের অবশ্যই এর মধ্যে দিয়ে যাওয়া উচিৎ। আমাকে চলে যেতে হবে, আমি দুঃখিত, কিন্তু সংক্ষেপে বলতে গেলে, আমার মনে হয় আমি প্রশ্নগুলো দেখবো, কমিশনার এবং মিস ডিরোসা, আমি সম্ভবত তাদের সাথে কিছু ফলো আপ করবো। কিন্তু সামনের দিকে, আমার মনে হয় জনগণ এর থেকে বের হয়ে আসতে চায়। কমিশনার যখন আপনি গত বছর অ্যাসেম্বলি চেম্বারে আমাদের সাথে দেখা করতে এসেছিলেন, এবং আপনি গভর্নরের ক্ষমতা বাড়াতে চেয়েছিলেন এবং আমরা করোনাভাইরাসের নিয়ন্ত্রণে

40 মিলিয়ন মার্কিন ডলার চেয়েছিলাম, আমার অনেক সহকর্মী তা করতে চাননি, তারা গভর্নরকে সেই ক্ষমতা দিতে চাননি। আমি সহ অল্প কয়েকজন গভর্নরের পক্ষে দাঁড়িয়েছিলাম। আর তাই এটা আপনি ব্যক্তিগতভাবে তাকে পছন্দ করেন কি না তার সাথে সম্পর্কিত নয়। এটা এমন একটা মুহূর্ত যখন আমাদের তাকে উৎসাহিত করতে হবে, কিন্তু আমাদের এই নির্বাহীর পিছনে দাড়াতে হবে, কারণ সবাই ভয় পাচ্ছে এবং সবাই চায় যে কেউ এগিয়ে এসে এই কাজটা সঠিকভাবে করুক, এবং আমার অনেক বিশ্বাস ছিল যে আমরা এটা ঠিকভাবে করতে যাচ্ছি। কিন্তু গত কয়েক মাসে আমার মনে হয় আমরা অনেক বিশ্বাস হারিয়ে ফেলেছি। যোগাযোগের অভাবে, আমি জানি আমরা সব কারণের মধ্যে দিয়ে গিয়েছি। আর আমি শুধু এটা পেছনে ফেলে এগিয়ে যেতে চাই। আমি এগিয়ে যেতে চাই। এবং আমি সমাধান পেতে চাই, এবং আমি জানি যে আমরা কিছু আইটেম স্পর্শ করেছি কিন্তু আমি যাওয়ার আগে, আমি বলতে চাচ্ছি যদি আমরা ফলোআপ করতে পারি। আইনি অনাক্রম্যতা, ক্ষতিগ্রস্তদের জন্য সম্ভাব্য ক্ষতিপূরণ তহবিল, একটি কাঠামো, কিছু নাগরিক কাঠামো যা ঘিরে আলোচনা করা হয়েছে। ওম্বুডসম্যান প্রোগ্রাম, কেউ একজন মাত্র এটা উল্লেখ করেছে। আমি জানি যে সিনেটর মে আবেগপ্রবণভাবে এটাকে কিছু শক্তি দেওয়ার কথা বলছেন, যাতে তাদের আসলেই তাদের কাজ করার ক্ষমতা থাকে। ক্রমবর্ধমান শাস্তির কথা উল্লেখ করা হয়েছে, এবং এক ধরনের স্বীকৃতি, এবং সম্ভবত 25 মার্চের জন্য ক্ষমা প্রার্থনা। আমি জানি এটা একটা স্পর্শকাতর বিষয়, আর কেউ এটা নিয়ে কথা বলতে চায় না, কিন্তু আমি মনে করি পরিবার, জনগণ এক ধরনের সততার প্রশংসা করে, কিন্তু তাদের বেদনার স্বীকৃতি, এবং আমি মনে করি প্রশাসনের কিছু নির্দিষ্টতা অনেক দূর এগিয়ে যাবে। তো আজকের জন্য আমার এটুকুই বলার আছে, আমি সত্যিই আপনাদের সময় দেওয়ার প্রশংসা করি, আমি জানি আপনারা সবাই খুব ব্যস্ত। আপনাদেরকে অসংখ্য ধন্যবাদ এবং আমি অন্যান্য প্রশ্নের ফলোআপ করবো। ধন্যবাদ।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন